

“শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.mowca.gov.bd




**বিষয়ঃ গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলায় নারী উদ্যোক্তাদের পরিচালনায় মহিলা বিপনী কেন্দ্র (জয়িতা-কালীগঞ্জ) কর্মসূচি প্রতিবেদন।**

০৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখ বিকাল ৪.০০ টায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব ফরিদা পারভীন, উপসচিব মোসাঃ ফেরদৌসী বেগম এবং সিনিয়র সহকারী সচিব জনাব মোঃ মাসুদুর রহমান গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলায় নারী উদ্যোক্তাদের পরিচালনায় মহিলা বিপনী কেন্দ্র (জয়িতা-কালীগঞ্জ) কর্মসূচি পরিদর্শন করেন। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

- ১। প্রকল্প/কর্মসূচির নাম : গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলায় নারী উদ্যোক্তাদের পরিচালনায় মহিলা বিপনী কেন্দ্র (জয়িতা-কালীগঞ্জ) কর্মসূচি।
- ২। প্রকল্প এলাকা : গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলা।
- ৩। বাস্তবায়নকাল : জুলাই ২০১৬ হতে জুন ২০২০ পর্যন্ত।
- ৪। বাস্তবায়নকারীর সংস্থার নাম : মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৫। প্রকল্প/কর্মসূচির মোট প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) : ৭৮২.০০ লক্ষ টাকা।
- ৬। প্রকল্প/কর্মসূচির মূল কার্যক্রম সমূহ/প্রধান অঙ্গসমূহ : (১) নির্মাণ কাজ।  
(২) বাণিজ্যিকভাবে ব্যবসা সম্প্রসারণের জন্য সমিতিভিত্তিক দোকান বরাদ্দ দানের জন্য সমিতি গঠন ও মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে নিবন্ধন প্রদান।  
(৩) মহিলা বিপনী কেন্দ্রে সমিতি ভিত্তিক দোকান বরাদ্দ প্রদান।  
(৪) দলীয় সংগঠনে সদস্যদের সঞ্চয়ী মনোভাবের মধ্য দিয়ে ব্যবসায় পুঁজি গঠন ও বিনিয়োগ মনোভাব সৃষ্টি করা।  
(৫) স্থানীয় চাহিদার দিকে লক্ষ্য রেখে বাণিজ্যিক প্রসার ও প্রচারণার ব্যবস্থা করা।
- ৭। প্রকল্প/কর্মসূচির অঙ্গায়ী বাস্তবায়ন অগ্রগতি : (ক) আর্থিক: ২২৮.১২ লক্ষ টাকা (২৯.১৭%)।  
(খ) বাস্তব: ৩০%


- ৮। প্রকল্পে বিরাজমান সমস্যাসমূহ : প্রকল্পের মেয়াদ জুন/২০২০ মধ্যে শেষ হবে। ভবন নির্মাণ এখনও সম্পন্ন হয় নাই।  
৩য় তলার সাটারিং কাজ চলছে। শীঘ্রই ছাদ ঢালাই করা হবে।





কালীগঞ্জ উপজেলায় নারী উদ্যোক্তাদের পরিচালনায় মহিলা বিপনী কেন্দ্র (জয়িতা-কালীগঞ্জ) নির্মাণ কাজ পরিদর্শন

- ৯। সমস্যাসমূহ সমাধানের উপায়/সুপারিশসমূহ : কর্মসূচির মেয়াদ জুলাই, ২০২০ হতে জুন, ২০২১ পর্যন্ত ০১ বছর (No cost Extention) বৃদ্ধি করা।

**সার্বিক মন্তব্যঃ** দ্রুত নির্মাণ কাজ সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

  
মোঃ মাসুদুর রহমান  
সিনিয়র সহকারী সচিব  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

  
মোসাঃ ফেরদৌসী বেগম  
উপসচিব  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

  
০৬/০২/২০২০  
ফরিদা পারভীন  
অতিরিক্ত সচিব (প্রশাসন)  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়